

২২/১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০২.১৫/৬৫৬(২২)

তারিখঃ ০৮ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
২৪ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ Urgent clarity needed on implementation of the new VAT and SD Act, 2012 for the cigarette sector.

সূত্রঃ British American Tobacco Bangladesh Ltd. এর ৩১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রীয় পত্রের মাধ্যমে সিগারেট খাতে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়নের ক্ষেত্রে কতিপয় (৭টি) বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের পর্যবেক্ষণ তুলে ধরে জাতীয় রাজস্ব বোর্ড হতে স্পষ্টিকরণের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, সূত্রোক্ত পত্রে উল্লিখিত কতিপয় বিষয়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ বাস্তবায়নের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা নিম্নরূপ:

- ক) **মুসক-১৮ রেজিস্ট্রার হতে পরিশিষ্ট-ক তে জের টানা:** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ তে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন চলতি হিসাব (মুসক-১৮) এ স্থিত সমাপনী জের নতুন আইনের অধীনে কিভাবে সমন্বয় গ্রহণ করা যাবে তা বিস্তারিত উল্লেখ রয়েছে। তাছাড়া, উক্ত বিধির উপ-বিধি (২) এ কোন কোন ক্ষেত্রে উক্ত স্থিত সমাপনী জের নতুন আইনের অধীন হাসকারী সমন্বয় গ্রহণ করতে পারবেন না তা সুনির্দিষ্টভাবে উল্লেখ রয়েছে। ফলে, উপ-বিধি (২) এ উল্লিখিত শর্তাবলী প্রযোজ্য হলে স্থিত সমাপনী জের হাসকারী সমন্বয় সাধন করতে পারবেন না। এছাড়া, যেকোন হাসকারী সমন্বয় দাখিলপত্রের মাধ্যমেই গ্রহণ করতে হবে, অন্যকোনো পদ্ধতিতে নয়। ফলে, আলোচ্য ক্ষেত্রে বিধি-১১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- খ) **পরিশিষ্ট-ক দাখিলের সময়সীমা নির্ধারণ:** ১৯৯১ সালের ভ্যাট আইনের আওতায় মূল্য ঘোষণা প্রদান ও অনুমোদনের বিধান ছিল, এ বিধান শুধুমাত্র বিড়ি, সিগারেট, জর্দা ও গুলের ক্ষেত্রে বর্তমানেও অব্যাহত আছে। পূর্বেও মূল্য ঘোষণা প্রদানের জন্য কোন নির্দিষ্ট সময় ছিল না। তবে যেহেতু কর মূল্যের উপর নির্ভর করে সেহেতু পণ্য সরবরাহের পূর্বেই তা দাখিল করতে হতো এবং পনের কার্যদিবসের মধ্যে অনুমোদন করার বিধান ছিল। এক্ষেত্রেও, অনুরূপ পদ্ধতি অনুসরণ করে প্রজ্ঞাপন এসআরও নং- ১৮১-আইন/২০১৯/৩৮-মুসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ জারি করা হয়েছে। বর্ণিতাবস্থায়, উক্ত প্রজ্ঞাপনের অনুষ্টেদ ৫ এর (৩) মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে;
- গ) **ব্যবসায়ী পর্যায়ে মুসকের প্রযোজ্যতাঃ** প্রজ্ঞাপন এসআরও নং- ১৮৫-আইন/২০১৯/৪২-মুসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ মারফত সর্বোচ্চ খুচরামূল্য নির্ধারিত আছে। এ মূল্যের মধ্যে সকল প্রকার শুল্ক-কর অন্তর্ভুক্ত রয়েছে। সুতরাং ব্যবসায়ী পর্যায়ে অতিরিক্ত শুল্ক-কর প্রযোজ্য হবে না।

০৩। এছাড়া, সূত্রোক্ত পত্রে উল্লিখিত অন্যান্য বিষয়ে কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ

ব্যবস্থাপনা পরিচালক,
ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বাংলাদেশ) কোং লিঃ,
নিউ ডিওএইচএস রোড, মহাখালী, ঢাকা।